

## ইবি ছাত্রদলে কোন্দল চরমে : যে কোন সময় সংঘর্ষের আশংকা

ইবি রিপোর্টার : ইসলামী বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে অভ্যন্তরীণ কোন্দল তীব্র হয়েছে। যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা রয়েছে। অচিরেই ইবি ছাত্রদলের সম্মেলন হতে পারে বলে সভাপতি ও সম্পাদক প্রত্যাশী নেতৃবৃন্দ নিজ নিজ অধিপত্য বজায় রাখার স্বার্থে একে অপরের প্রতি নিন্দা ও কুৎসা রটনা করছে এটাও সজব্বা সংঘর্ষের অন্যতম কারণ। দীর্ঘদিন ধরে ইবি ছাত্রদলের কোন সাংগঠনিক কর্মকাণ্ড নেই বললেই চলে। বর্তমান সভাপতি/সম্পাদক তাদের আশের গোছাতে ব্যস্ত। ফলে দলীয় টেভে বেকে ছাত্রদলকে গতিশীল করার কোন প্রচেষ্টা তাদের নেই। ইবি ছাত্রদলের সভাপতি/সম্পাদক ছড়া সবাই নতুন কমিটি যত ভাড়াভাড়ি সস্তব হোক এটাই চাইছে। ফলে লাগামহীন ইবি ছাত্রদল দলীয় কর্মকাণ্ড ছেড়ে নিজেদের মধ্যে লবিং-এপিং নিয়ে ব্যস্ত রয়েছে। সম্প্রতি দলীয় কোন্দল প্রকাশ্যে রূপ নিচ্ছে। গত ২/১ দিনের ব্যবধানে ছাত্রদলের দলীয় টেভে দু'প্রপের নেতাদের মধ্যে উচ্চৈঃস্বরে গালিগালাজ অতঃপর হাতাহাতি করতে দেখা গেছে। অবশ্য টেভে উপস্থিত ২/৩ জন সিনিয়র নেতা সাংগঠনিক সম্পাদক সাকির আহমেদ কুই ও যুগ্ম সম্পাদক কামাল হোসেনের মধ্যস্থতায় বিষয়টি নিষ্পত্তি হলেও চাপা কোড ও উদ্বেজনা বিরাজ করছে। ফলে দিন যত যাচ্ছে ইবি ছাত্রদলের অবস্থা ভয়াবহ রূপ নিচ্ছে। নাম প্রকাশ না করার শর্তে ছাত্রদলের কয়েকজন নেতা বলেন, ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের উচিত যত ভাড়াভাড়ি সস্তব নবীন, মেধাবী, যোগ্যতাসম্পন্ন নেতাদের সমন্বয়ে ইবিতে ছাত্রদলের সম্মেলনের মাধ্যমে নতুন কমিটি করা।